

# RELEVANCE OF SANSKRIT EDUCATION IN MODERN INDIA



**BERHAMPORE COLLEGE**  
Berhampore, Murshidabad.



**Relevance of Sanskrit Education in Modern India**  
( A collection of Essays)

Edited by Dr. Indrani Basu, Sponsored by UGC

First Published: 1st March, 2018

©: Berhampore College

Published by: Kalyan Kumar Das

Berhampore, Murshidabad.( W.B.)

Mob- 9474041130

Printed By: Shilpanagari Printer

Berhampore, Murshidabad.(W.B)

ISBN: 978-93-84383-82-4

Price: Rs. 450/-

# আধুনিক ভারতবর্ষে শ্রীমদ্ভগবদ্গীতার প্রয়োজনীয়তা

ড. সুদীপ্ত প্রামাণিক

অধ্যাপক, সংস্কৃত বিভাগ

কালীগঞ্জ গভঃ কলেজ, দেবগ্রাম, নদীয়া

মানব সভ্যতায় ভারতবর্ষের শ্রেষ্ঠ দান শ্রীমদ্ভগবদ্গীতা। মহাভারতের ভীষ্মপর্বে ২৫ অধ্যায় থেকে ৪২ অধ্যায়ে ভগবান শ্রীকৃষ্ণের মুখনিঃসৃত বাণীই হল শ্রীমদ্ভগবদ্গীতা। গীতা কেবল সন্ন্যাসীদের বা ধর্মীয় ব্যক্তিদের গ্রন্থ তা কিন্তু নয় — এটি সমগ্র মানবজীবনকে সুন্দরভাবে কাটানোর জন্য একটি ঐশ্বরিক দলিল। গীতায় রয়েছে নৈতিক মূল্যবোধের কথা, সহিষ্ণুতার কথা, সমন্বয় সাধনের কথা। গীতা বিশ্বজনীন এক আধ্যাত্মিক ঐক্যে জীবনকে বাঁধতে নিরন্তর প্রেরণা দেয়।

শ্রীমদ্ভগবদ্গীতা বিশ্ববিখ্যাত এক রহস্যময় ধর্মগ্রন্থ। গীতা আমাদের দৈনন্দিন জীবনে সত্য-সুন্দর পথে চলার একমাত্র অবলম্বন। এই কারণে ব্যাসদেব স্বয়ং বলেছেন —

“গীতা সুগীতা কর্তব্য কিমন্যেঃ শাস্ত্রবিস্তরৈঃ।

যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মবিনিঃসৃতা।।”

সমস্ত শাস্ত্রের মাতৃস্বরূপা হল শ্রীমদ্ভগবদ্গীতা।

গীতা হল বেদ-বেদান্তের সারগ্রন্থ। ভক্তিপূর্ণ অন্তরে শ্রদ্ধার সঙ্গে গীতা পাঠ এবং স্মরণ-মনন করলে বেদ পুরাণ-উপনিষদ্ সহ সমস্ত শাস্ত্রের সারমর্ম জানা যায়, এ ব্যাপারের কোন সন্দেহ নেই। ভারতবর্ষের সমস্ত সম্প্রদায়ের শিক্ষিত-অশিক্ষিত, ধনী-গরীব, অবালা-বৃদ্ধ-বনিতার কাছে গীতা অত্যন্ত শ্রদ্ধেয় এক গ্রন্থ। গীতার কোন তুলনা নেই। একটি অবোধ মনকে ‘জ্ঞান-কর্ম-ভক্তি-যোগ’ প্রভৃতি উপাসনার মাধ্যমে কেমন করে ‘ব্রহ্মজ্ঞ’ পুরুষে পরিণত করা যায় গীতায় তাই সুন্দরভাবে বর্ণিত হয়েছে। গীতায় সমস্ত মত ও পথের সমন্বয় সাধন করার চেষ্টা করা হয়েছে।

গীতাজ্ঞানই বিশ্বজগৎকে সুস্থভাবে নিয়ন্ত্রিত করেছে। বর্তমান যুগে মানুষের মনে মনুষ্যত্ববোধ উদ্ভুদ্ধ করতে, পরস্পরের মধ্যে হিংসা-দ্বेष ঘুচিয়ে মৈত্রীভাব জাগ্রত করতে,